

শ্রদ্ধেয় বিপ্লব বাবু,

ধন্যবাদ আপনাকে এ ধরনের উদ্যোগের জন্য । অতীব দুঃখের সাথে আমার অপরাগতার কথা আপনাকে জানাচ্ছি । কারণগুলো নিম্নরূপ :

– আপনি কি জানেন, ভারতের কেন্দ্রীয় দপ্তরের জল সম্পদ মন্ত্রী এখনও প্রিয় বাবু? ভাল করে খোঁজ নিয়ে আমাকে জানাবেন ।

- খালেদা জিয়ার কাছে ফারাক্কার ব্যাপারে চিঠি দেবার মত ন্যূনতম রুচিবোধ আমার নেই । কারণ ? বাংলাদেশের যে কোন সচেতন মানুষকে জিজ্ঞাসা করলেই উত্তর পেয়ে যাবেন । অযথা সময় নষ্ট করবো না আমি ।

দেৱীতে হলেও এ মহতী উদ্যোগের জন্য আপনাকে আবারও ধন্যবাদ । সবিনয়ে ফারাক্কার ইতিহাস, রাজনীতি ও প্রেক্ষাপট সম্পর্কে বিস্তারিত জানার এবং জেনে নেয়ার অনুরোধ করছি ।

প্রিয় কিংবা খালেদার কাছে চিঠি-পত্র চালাচালি করে লাভ নেই ।

দরকার দু-বাংলার মানুষের সচেতনতা আর রাজনৈতিক সদিচ্ছা। প্রিয় কিংবা খালেদার ভোটের নোংরা রাজনীতি দিয়ে হবে না ।

ধন্যবাদ । ভাল থাকুন- সুস্থ থাকুন ।

ভজন সরকার

অন্টারিও, কানাডা ।

এপ্রিল ২১, ২০০৬ ।